

উপজেলা প্রাথমিক শিক্ষা স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী :

স্থান : ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ মহোদয়ের অফিস কক্ষ।
তারিখঃ- ১২.১২.২০২১খ্রিঃ, সময়ঃ- সকাল ১১.০০ ঘটিকা।

অদ্য ১২.১২.২০২১ তারিখ ১১.০০ ঘটিকায় উপজেলা প্রাথমিক শিক্ষা স্থায়ী কমিটির সভা উপজেলা ভাইস চেয়ারম্যান, আড়াইহাজার, নারায়ণগঞ্জ মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মো: রফিকুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং আলোচ্যসূচী সভায় উপস্থাপন করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করেন।

আলোচ্যসূচী :-

- ১। ১১১নং বাঘেরপাড়া ও ২৪নং খালিয়ারচর প্রাথমিক বিদ্যালয়ে টয়লেট মেরামত সংক্রান্ত।
- ২। ৮৫নং নোয়াপাড়া প্রাথমিক বিদ্যালয়ে অস্থায়ী ঘর নির্মাণ সংক্রান্ত।
- ৩। বিবিধ।

১ নং আলোচনা ও সিদ্ধান্ত :-

উপজেলা শিক্ষা অফিসার সভায় অবহিত করেন যে, উপজেলার অভ্যন্তরে বিভিন্ন বিদ্যালয়ের সমস্যা নিয়ে আলোচনা করেন। তন্মধ্যে ১১১নং বাঘেরপাড়া ও ২৪নং খালিয়ারচর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ব্যবহারের জন্য কোন টয়লেট নেই। তাই উক্ত বিদ্যালয় দুটিতে শিঘ্রই টয়লেট নির্মাণের মাধ্যমে সমস্যা সমাধানের সুপারিশ ও সিদ্ধান্ত গৃহীত হয়।

২ নং আলোচনা ও সিদ্ধান্ত :-

এক্ষেত্রে ৮৫নং নোয়াপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে পর্যাপ্ত শ্রেণিকক্ষের অভাবে পাঠদান কার্যক্রম ব্যাহত হচ্ছে। তাই অনতিবিলম্বে অস্থায়ী ঘর নির্মাণের ব্যবস্থা গ্রহণকল্পে সুপারিশ করা হয়।

৩ নং আলোচনা ও সিদ্ধান্ত :-

এখানে উপজেলার অভ্যন্তরে প্রত্যেকটি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার গুণগতমান নিশ্চিত ও তদারকিকল্পে ব্যবস্থা গ্রহণের জোর সুপারিশ করা হয়।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: রফিকুল ইসলাম)

সভাপতি

উপজেলা প্রাথমিক শিক্ষা স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।